



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.১২০

তারিখ: ১ আষাঢ়, ১৪২৮

১৫ জুন ২০২১

বিষয়: চলমান বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিতকরণ।


সূত্র: ১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭।

২। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৯১, তারিখ: ০৬/০৫/২০২১ খ্রি।

৩। খাদ্য অধিদপ্তরের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.৭৫, তারিখ: ০৬/০৫/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ের খাদ্যগুদামসমূহ পরিদর্শনকালে চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে সংগৃহীত ও গুদামে মজুতকৃত চালের মধ্যে কোন কোন ক্ষেত্রে বিনষ্ট ও বিবর্ণ দানার আধিক্য প্রত্যক্ষ করেন যা মোটেই কাম্য নয়। বিনির্দেশসম্মত চাল সংগ্রহের বিষয়ে সুত্রস্থ ২নং স্মারকে খাদ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে যা সূত্রস্থ ৩নং স্মারকে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭-এ ধান-চাল এর বিনির্দেশ সবিস্তারে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, চলতি বোরো সংগ্রহ/২০২১ মৌসুমে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭-তে বর্ণিত ধান-চালের বিনির্দেশ এবং সূত্রস্থ ২ ও ৩নং স্মারকের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশসম্মত ধান-চাল সংগ্রহ নিশ্চিত করতে অনুরোধ করা হল। বিনির্দেশ বহির্ভূত ধান-চাল সংগ্রহ করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



১৫-৬-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৩২২.২১.১২০/১(১১)


তারিখ: ১ আষাঢ়, ১৪২৮

১৫ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা। খাদ্যমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরে
ওয়েবসাইটে প্রকাশের জন্য জন্য অনুরোধ করা হলো।



১৫-৬-২০২১

শেখ মুজিবর রহমান

মহাপরিচালক